

اًلنَّمْل | An-Naml | An-Naml

আয়াতঃ ২৭: ৪৮

💵 আরবি মূল আয়াত:

وَ كَانَ فِي المَدِينَةِ تِسعَةُ رَهِطٍ يُّفسِدُونَ فِي الأَرضِ وَ لَا يُصلِحُونَ هِي الأَرضِ وَ لَا يُصلِحُونَ

আর সেই শহরে ছিল নয় নেতৃস্থানীয় ব্যক্তি। যারা যমীনে ফাসাদ সৃষ্টি করত এবং সংস্কার-সংশোধনমূলক কিছু করত না। — আল-বায়ান

আর সেই শহরে ছিল নয় ব্যক্তি যারা দেশে ফাসাদ সৃষ্টি করত আর তারা সংশোধন করত না। — তাইসিরুল আর সেই শহরে ছিল এমন নয় ব্যক্তি যারা দেশে বিপর্যয় সৃষ্টি করত এবং সৎ কাজ করতনা। — মুজিবুর রহমান And there were in the city nine family heads causing corruption in the land and not amending [its affairs]. — Sahih International

৪৮. আর সে শহরে ছিল এমন নয় ব্যক্তি(১), যারা দেশে বিপর্যয় সৃষ্টি করত এবং সংশোধন করত না।

(১) এখানে যে শব্দটি এসেছে, তা হলো: رهط শব্দটির অনুবাদ করা হয়েছে, ব্যক্তি। কিন্তু শব্দটির আসল অর্থঃ দল। অর্থাৎ ন'জন সরদার। তাদের প্রত্যেকের সাথে ছিল একটি বিরাট দল। এখানে নয় ব্যক্তির মধ্য থেকে প্রত্যেককেই لما বলার কারণ সম্ভবতঃ এই যে, তারা তাদের অর্থ-সম্পদ, জাক-জমক ও প্রভাব-প্রতিপত্তির কারণে সম্প্রদায়ের প্রধানরূপে গণ্য হত এবং প্রত্যেকের সাথে ভিন্ন ভিন্ন দল ছিল। কাজেই এই নয় ব্যক্তিকে নয় দল বলা হয়েছে। [দেখুন: কুরতুবী]

তাফসীরে জাকারিয়া

(৪৮) আর সে শহরে ছিল নয় জন এমন ব্যক্তি, যারা দেশে বিপর্যয় সৃষ্টি করত এবং শান্তি প্রতিষ্ঠা করত না।

তাফসীরে আহসানল বায়ান



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন